Ex./BANGLA/PG/1.51/4/2017

# স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

## বাংলা

## ঐচ্ছিক পত্র   ভাষাবিজ্ঞান

কোর্স   পি.জি. - ১.৫১

সময়   দু' ঘণ্টা                                        পূর্ণমান   ৩০

প্রতি পর্ব থেকে কমপক্ষে একটি প্রশ্ন নির্বাচন করে
মোট ***তিনটি*** প্রশ্নের উত্তর লেখো

### পর্ব   ক

১. ভর্তৃহরি শব্দতত্ত্বকেই 'স্ফোট' নামে অভিহিত করেছেন। স্ফোট বিষয়টি ভর্তৃহরি অনুসারে ব্যাখ্যা করো।এই প্রসঙ্গে পশ্যন্তী, মধ্যমা ও বৈখরী বাক-এর ধারণাটি নিজের ভাষায় বুঝিয়ে দাও। ৫+৫=১০

২. ভাষাবিজ্ঞান চর্চায় ইয়াকব গ্রিম (Jacob Grimm)-এর ভূমিকাটি দেখাও। এই সঙ্গে Grimm's law নামে পরিচিত ধ্বনি-পরিবর্তনের সূত্রটি ব্যাখ্যা করো। ৪+৬=১০

৩. প্রত্নতত্ত্বভাষা-পাঠ বা palaeontology-র ধারণা অপেক্ষাকৃত কালের হলেও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান-চর্চার একটি ধারা এর মধ্যে বর্তমান। প্রত্নভাষা-পাঠ বা paleontology অনুসারে ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায় তা লিপিবদ্ধ করো। ২+৮=১০

(Turn Over)



৪. আলোচনা করো ৫+৫=১০

ক. সফিস্ট (Sophists)

খ. অভ্যন্তরীণ পুনর্গঠন (Internal Reconstruction তত্ত্ব

### পর্ব   খ

৫. ধ্বনিবিজ্ঞান (Phonetics) অনুসারে বাগধ্বনি উচ্চারণের ক্ষেত্রে বায়ুপ্রবাহ প্রক্রিয়ার (airstream process) ভূমিকাটি চিত্রসহ আলোচনা করো। ১০

৬. ধ্বনিতরঙ্গ বা ধ্বনিপ্রক্ষেপ অনুসারে স্বরধ্বনির বৈশিষ্ট্য অনুসন্ধানের দিকগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

৭. অধিধ্বনি (Suprasegment) কাকে বলে? যেকোনো ভাষা থেকে উদাহরণ নিয়ে অধিধ্বনি ব্যবহারের প্রধান প্রধান দিকগুলি দেখাও। ৩+৭=১০

৮. ঐতিহাসিক ভাষাবিজ্ঞান (Historical Linguistics) অনুসারে ধ্বনি পরিবর্তনের যে নিয়মগুলি নির্ণয় করা হয়েছে, তার চেয়ে সংবর্তনী ভাষাবিজ্ঞান (Generative Linguistics) অনুসারে ধ্বনি-সংবর্তনের (Transformation) ধারণার মাধ্যমে ধ্বনি পরিবর্তনের ব্যাখ্যা অনেক বেশি যুক্তিযুক্তি।—মন্তব্যটি যথাযথ উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

—— X ——